দৈনিক ইত্তেফাক

তারিখ 28 MAY 2003
পৃষ্ঠা ১৫ কলাম ৭

# শিক্ষক নিয়োগে নতুন নিয়ম ॥ জেলা পর্যায়ে এখনো সাড়া মেলেনি

রেজানুর রহমান ॥ শিক্ষা মন্ত্রণালয়ের এক আদেশের প্রেক্ষিতে ঢাকাসহ সারাদেশে বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসায় নতুন শিক্ষক নিয়োগ বন্ধ হয়ে গেছে। কোন কোন শিক্ষা প্রতিষ্ঠান নতুন শিক্ষক-শিক্ষিকা নিয়োগের সকল কার্যক্রম সম্পূর্ণ করার পরও শিক্ষক নিয়োগ দিতে পাচ্ছে না। শিক্ষা মন্ত্রণালয় থেকে সম্প্রতি এক পরিপত্রে জেলা কমিটির নেতৃত্বে শিক্ষক নিয়োগের প্যানেল তৈরীর ঘোষণা দেয়া হলেও জেলা পর্যায়ে এখন পর্যন্ত এ ব্যাপারে কোন ব্যস্ততা শুরু হয়নি। ফলে বেসরকরী স্কুল, কলেজ, মাদ্রাসায় এক ধরনের অস্থিরতা দেখা দিয়েছে। বেসরকারী শিক্ষা-প্রতিষ্ঠানের নিয়োগযোগ্য শিক্ষকদের প্যানেল তৈরীর লক্ষ্যে ৩ মে শিক্ষা- মন্ত্রণালয় থেকে এক পরিপত্র জারি করা হয়েছে। পরিপত্রে বলা হয়েছে, এখন থেকে জেলা পর্যায়ে গঠিত কমিটিই জেলার সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যমান শূন্যপদের তালিকা প্রস্তুত পূর্বক প্যানেল তৈরীর লক্ষ্যে যথাক্রমে শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং (১৫শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## শিক্ষক নিয়োগে নতুন নিয়ম

(শেষ পৃঃ পর)

ব্যানবেইসে উক্ত তালিকা প্রেরণ করবে। প্যানেল তৈরীর ক্ষেত্রে প্রার্থীদের ৮০ নম্বরের লিখিত ও ২০ নম্বরের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান জেলা প্রশাসকের নিকট লিখিতভাবে তা জানাবেন। জেলা প্রশাসক প্রস্তুতকৃত প্যানেল হতে যে প্রতিষ্ঠানের চাহিদা প্রথম পাবেন সে প্রতিষ্ঠান নিয়োগের জন্য প্যানেলের মেধাক্রম অনুসরণপূর্বক নিয়োগযোগ্য ব্যক্তিকে প্রতিষ্ঠানের আওতায় ন্যস্ত করবেন। কোন জেলায় প্যানেলভুক্ত যোগ্য প্রার্থী না থাকলে পার্শ্ববর্তী জেলার প্যানেল থেকে শিক্ষক নিয়োগ করা যাবে।

শিক্ষা মন্ত্রণালয়ের এই আদেশ জারির প্রায় এক মাসের ব্যবধানেও জেলা পর্যায়ে এ ব্যাপারে কোন কার্যক্রম শুরু হয়নি। শিক্ষক নিয়োগের জন্য কতদিন পর কখন কোথায় পরীক্ষা অনুষ্ঠিত হবে, এ ব্যাপারে প্রার্থীরা কোথায় কখন যোগাযোগ করবেন, সংশ্লিষ্ট শিক্ষা-প্রতিষ্ঠান জেলা প্রশাসনের সাথে কীভাবে যোগাযোগ রক্ষা করবে এই ধরনের গুরুত্বপূর্ণ বিষয় এখনও পরিষ্কার হয়নি। পূর্বের নিয়মে শিক্ষক নিয়োগের প্রক্রিয়া সম্পন্ন করে বিপাকে পড়েছে বেশকিছু শিক্ষা প্রতিষ্ঠান। দেশের বিভিন্ন এলাকা হতে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ইত্তেফাককে টেলিফোনে জানান, শিক্ষক নিয়োগ সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের নতুন আদেশ এখনও মাঠ পর্যায়ের শিক্ষকদের মধ্যে পরিষ্কার হয়নি। এ ব্যাপারে জেলা প্রশাসনের আন্তরিক ভূমিকা জরুরী।